কুড়ুলগাছিতে সাংবাদিক আলমগীর ‘র উদ্যোগে ছাত্রলীগের মাঝে ফুটবল বিতরণ

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি আনান্দ বাজার পাড়ায় দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি সাংবাদিক আলমগীর’র উদ্যোগে ছাত্রদের মাঝে ফুটবল বিতরণ করা হয়েছে।

গতকাল রবিবার বিকাল ৫ টার সময় কুড়ুলগাছি ইউনিয়নের বুইঁচিতলা গ্রামের ছাত্রদের মাঝে ফুটবল বিতরণ করেন। এলাকার গরীব দু:খী মানুষের পাশে থেকে সহযোগীতার হাত বাড়িয়ে দিয়েছেন সাংবাদিক আলমগীর।

এসময় তিনি বলেন,খেলাধুলা ছাত্র- ছাত্রীদের মন প্রফুল্ল রাখতে সহায়তা করে, মাদকের নেশা থেকে বিরত রাখে। ছাত্রদের উদ্দ্যেশে আরও বলেন, তোমরা মনযোগ দিয়ে পড়া-লেখার পাশাপাশি নিজেদের এলাকায় ছোট-ছোট মাঠে ফুটবল, ভলিবল, ক্রিকেট খেলে আগামী দিনে জাতীয় পর্যায়ে খোলার সুযোগ পেতে পারো।

ফুটবল বিতরণের সময় উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউনিয়ন আ: লীগের সহ সভাপতি তারিক রহমান, ছাত্রলীগ সদস্য ফিরজ, বাসার, সজিব, ইমরান, তাহের, মাফুজুর রহমান, মনিরুল, শাহিন, রবিউল, ফারুক, ইসমাইল ইসলাম সহ সকল নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গায় নতুন ১৭ জনের করোনা সনাক্ত

গত ২৪ ঘন্টায় চুয়াডাঙ্গা জেলায় নতুন করে আরও ১৭ জনের করোনা সনাক্ত হয়েছে। এ নিয়ে জেলায় আক্রান্তের সংখ্যা দাঁড়ালো ২৫৬ জনে। এরমধ্যে সুস্থ হয়েছেন ১৪৭ জন ও মারা গেছেন ৩ জন। রবিবার রাতে

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান এসব বিষয় নিশ্চিত করেছেন।

সিভিল সার্জন জানান, গত ২৪ ঘণ্টায় কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালের পিসিআর ল্যাব থেকে ৬৪ জনের নমুনার প্রতিবেদন পাওয়া গেছে। এরমধ্যে ১৭ জনের করোনা সনাক্ত হয়েছে।

আক্রান্তদের মধ্যে চুয়াডাঙ্গা পৌর এলাকার এতিমখানা সড়কের তিনজন ও পাসপোর্ট অফিসের একজন, আলমডাঙ্গা উপজেলার রাধিকাগঞ্জ গ্রামের দুইজন, এরশাদপুরের দুইজন, শেখপাড়ার একজন, আশাননগরের একজন ও উদয়পুরের একজন এবং দামুড়হুদা উপজেলার এক স্বাস্থ্যকর্মী, দর্শনা দক্ষিণ চাঁদপুরের দুইজন, কেরু বাজার মাঠপাড়ার দুইজন ও কেরু কর্পোরেশন লাইনের একজন রয়েছেন।

উল্লেখ্য, গত ১৯ মার্চ চুয়াডাঙ্গায় প্রথম করোনা ভাইরাসে আক্রান্ত হন ইতালি ফেরত এক যুবক। তার বাড়ি আলমডাঙ্গায়। রবিবার পর্যন্ত চুয়াডাঙ্গায় ১৯ জন প্রাতিষ্ঠানিক ও ৮৫ জন হোম আইসোলেশনে আছেন।

আলমডাঙ্গায় বিদ্যুতায়িত হয়ে শ্রমিকের মৃত্যু

আলমডাঙ্গায় বিদ্যুতস্পৃষ্ট হয়ে বেলগাছি গ্রামে ইমাদুল নামের এক শ্রমিক মারা গেছেন।

গতকাল রবিবার দুপুরে গ্রামের একটি পোল্ট্রি ফার্মে কাজ করার সময় তিনি বিদ্যুতস্পৃষ্ট হয়ে মারা যান।

নিহত ইমাদুল বেলগাছি গ্রামের সাহজাহানের ছেলে। তিনি বেলগাছি গ্রামের নুহু নবীর পোল্ট্রি ফার্মে কাজ করতেন।

জানা গেছে, ইমাদুল প্রতিদিনের ন্যায় তার কর্মস্থান পোল্ট্রি ফার্মে কাজ করতে যান। এ সময় বিদ্যুতের সুইসবোর্ডের প্লাগে একটি তার ঢোকাতে গেলে পুরো ফার্মে বিদ্যুতায়িত হয়ে যায়। তার শরীরও

বিদ্যুতায়িত হয়ে পড়ে। তিনি ঘটনাস্থলেই মারা যান।

পরে পোল্ট্রি ফার্মের মেইন সুইস বন্ধ করে নিহত ইমাদুলকে উদ্ধার করা হয়। ইমাদুলের দুইটি সন্তান রয়েছে। পরিবারে একমাত্র কর্মক্ষম ইমাদুলের অকাল মৃত্যুতে তার স্ত্রী ও দুইটি সন্তান অসহায় হয়ে পড়েছেন।

আলমডাঙ্গায় নতুন ৭ জন করোনা আক্রান্ত, সকলেই স্থানীয়

আলমডাঙ্গায় আরও ৭ জনের শরীরে করোনভাইরাস সনাক্ত হয়েছে। গতকাল রবিবার রাতে এদের রিপোর্ট পজিটিভ আসে। এ নিয়ে আলমডাঙ্গায় মোট ৬৪ জন করোনা রোগী সনাক্ত হল। সুস্থ্য হয়েছেন মোট ৩৯ জন।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার হাদি জিয়াউদ্দিন আহমেদ এ তথ্য নিশ্চিত করে জানান, ক‘দিন আগে ১৩ জনের নমুনা সংগ্রহ করে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালের পিসিআর ল্যাবে পাঠানো হয়েছিল। রবিবার রাতে ১৩ জনের মধ্যে ৭ জনের রেজাল্ট পজিটিভ আসে।

জানা গেছে, নতুন আক্রান্তরা হলেন পৌরসভার এরশাদপুর গ্রামের ২ জন, আসাননগর গ্রামের ২ জন, পৌরসভার পশুহাট এলাকার ১ জন, হারদী ইউনিয়নের শেখপাড়ার ১ জন ও একই ইউনিয়নের উদয়পুর গ্রামের ১ জন। আক্রান্তরা কেউ ঢাকা, নারায়ানগঞ্জ, গাজিপুর বা চট্টগ্রাম থেকে আসেননি। তারা সবাই স্থানীয় বলে জানা গেছে। আক্রান্তরা হোম আইসোলেশনে চিকিৎসাধীন রয়েছেন।

এদিকে, আলমডাঙ্গার বেলগাছি গ্রামের হাফেজ উদ্দিন মালিথার ছেলে মনিরুজ্জামান টুকুলও করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। তিনি কুষ্টিয়ায় ফায়ার সার্ভিসে ফায়ারম্যান পদে কর্মরত রয়েছে।

সুত্র জানায়, কদিন আগে টুকুল জ্বর-সর্দ্দি নিয়ে কুষ্টিয়া থেকে বেলগাছি গ্রামের বাড়িতে আসেন। অবস্থা খারাপ হলে তিনি আবার

কুষ্টিয়ায় চলে যান। সেখানে গিয়ে করোনা পরীক্ষার জন্য নমুনা দেন। তার রেজাল্ট পজিটিভ আসে। তিনি কুষ্টিয়া সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

এদিকে, টুকুল চলে যাওয়ার পর তার চার বছরের মেয়ে জ্বরে পড়েছেন। তার মধ্যেও করোনা উপসর্গ দেখা দিয়েছে। তবে তার বাড়ির কেউ কোয়ারেন্টিন মানছেন না বলে প্রতিবেশীরা অভিযোগ করেছেন।

আলমডাঙ্গায় পিতার বারংবার বিয়ে, অসহায় সন্তানরা

আলমডাঙ্গার বক্সিপুর গ্রামের ষাটোর্ধ মনিয়া মন্ডল একের পর এক বিয়ে করে পরিবারকে নরকে পরিনত করার অভিযোগ তুলেছে তার পরিবারের সদস্যসহ প্রতিবেশীরা।

তৃতীয় বিয়ে করতে গিয়ে ৪০ বছরের সংসার জীবনের প্রথম স্ত্রীকে তালাক দেয়ায় গ্রামে আলোচনা-সমালোচনার ঝড় বইছে। এই ঝড় ঠেকাতে মনিয়া মন্ডল ছেলেদের নামে থানায় মিথ্যা অভিযোগ দিয়ে নাজেহাল করছেন বলেও অভিযোগ রয়েছে।

প্রতিবেশীরা জানায়, বক্সিপুর গ্রামের মনিয়া মন্ডল প্রথমে বিয়ে করেন উপজেলার বেলগাছি গ্রামের শুকুর আলীর মেয়ে সাজেদা খাতুনকে। এই সংসারে দুইটি ছেলে ও দুইটি মেয়ে রয়েছে। এদের কারো কারো বিয়ে হয়ে সন্তানাদিও হয়ে গেছে। কিন্ত মনিয়া মন্ডল হুট করে আলমডাঙ্গার কালিদাসপুর ইউনিয়নের মনাকষা গ্রামের কাজলী নামের এক মহিলাকে বিয়ে করে ঘরে তোলেন।

এতে প্রথম পক্ষের চার ছেলে-মেয়ে তীব্র আপত্তি তুলতে থাকেন। তবে কোন বাঁধ মানেননি মনিয়া মন্ডল। তিনি নতুন স্ত্রী কাজলীকে নিয়ে একের পর এক মাঠের জমি বিক্রি করতে শুরু করেন। আর নিঃস্ব হতে থাকেন তার চার ছেলে-মেয়ে। কাজলীকে নিয়ে জমি বিক্রির টাকাই বেশ ভালই চলছিল মনিয়া মন্ডলের। কিন্ত বছর খানেকের মাথায় হঠাৎ করেই কাজলীকে তিনি তালাক দিয়ে দেন।

দ্বিতীয় স্ত্রী কাজলীকে তালাক দিয়েই তিনি ক্ষান্ত হননি। প্রায় একই সাথে ৪০ বছরের সংসার জীবনের প্রথম স্ত্রী সাজেদাকেও এবার তালাক দিয়ে দেন। এরপর মাস তিনেকের মাথায় বলা নেই কওয়া নেই দুর্লভপুর গ্রামের কালুর মেয়ে পারুলাকে বিয়ে করে ঘরে তোলেন। এবার রীতিমত পাড়া-মহল্লায় হৈচৈ পড়ে যায়।

মনিয়া মন্ডলের ছেলে রইছ উদ্দিন বলেন, বাবা অকারনেই বারেবার বিয়ে করেন এতে আমাদের আপত্তি নেই। কিন্ত আমাদের মাঠে ৭ বিঘা জমি ছিল বাবার বারবার বিয়ে করার কারণে সব শেষ হয়ে গেছে। এখন কেবল বাড়ির জমিটুকু আছে। তাও বিক্রি করার পায়তারা চলছে। বাবার কারণেই আমরা নানা অভাব-অনটনে দিন কাটাচ্ছি। আবার আমাদের নামেই থানায় মিথ্যা অভিযোগ দিয়ে হয়রানি করছেন বাবা।

আলমডাঙ্গায় আন্তজেলা মোটর চোরচক্রের আরেক সদস্য রফিকুল আটক

আলমডাঙ্গার চাঞ্চল্যকর আন্তজেলা শ্যালোমেশিনের মোটর চোরচক্রের আরেক সক্রিয় সদস্য রফিকুলকে আটক করেছে পুলিশ। শুক্রবার দিনগত রাতে বড় বোয়ালিয়া গ্রাম থেকে তাকে আটক করা হয়।

আটক রফিকুল ইসলাম আলমডাঙ্গার ভাংবাড়িয়া ইউনিয়নের বড় বোয়ালিয়া গ্রামের ফটিক মন্ডলের ছেলে। রফিকুল আন্তজেলা মোটর চোরচক্রের একজন সক্রিয় সদস্য।

মামলার তদন্তকারি কর্মকর্তা থানার এসআই সিদ্ধার্থ জানান, হারদী ইউনিয়নের বিভিন্ন গ্রামের মাঠ থেকে হঠাৎ করে শ্যালোমেশিনের মোটর চুরির হিড়িক পড়ে যায়। কেশবপুরের মাঠ থেকে ৬ টি মোটর চুরির সময় আন্তজেলা চোরচক্রের দুইজনকে আটক করা হয়। তাদেরকে জিজ্ঞাসাবাদে রফিকুলের জড়িত থাকার কথা জানা যায়।

জানা গেছে, গত ৩০ জুন রাতে কেশবপুর মাঠ থেকে ৬ টি মোটর চুরি করে

পালিয়ে যাওয়ার সময় গ্রামবাসী দুইজনকে আটক করে পুলিশের হাতে তুলে দেয়।

আটক দুইজন হল কুষ্টিয়ার খোকসার আব্দুল মান্নানের ছেলে ইমরুল ও কুষ্টিয়ার আল্লাহর দরগার তাজপুরের হায়াত আলীর ছেলে সেলিম। পুলিশ এই দুইজনকে জিজ্ঞাসাবাদ করে জানতে পারে স্থানীয় চোরও মোটর চুরির সাথে জড়িত রয়েছে।

দর্শনা থেকে ২৪ বোতল ফেন্সিডিল উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা থানার জয়নগর মাঠে অভিযান চালিয়ে ৩৪ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে বিজিবি।

গতকাল শনিবার ভোর ৪টার দিকে দর্শনা বিওপির টহল কমান্ডার নায়েক মো: আব্দুর রাজ্জাক সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

উদ্ধারকৃত ফেন্সিডিলের মুল্য আনুমানিক ১৪ হাজার টাকা। পরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জমা করা হয়েছে।

আলমডাঙ্গায় দ্বিতীয় বিয়ে করায় ছেলে-মেয়েদের হাতে মার খেল পিতা

বিয়ের ৪০ বছর পর স্ত্রীকে তালাক দিয়ে দ্বিতীয় বিয়ে করার ঘটনায় ছেলে-মেয়েদের হাতে পিতার মার খাওয়ার ঘটনা ঘটেছে। গতকাল শনিবার (৪ জুলাই) দুপুরে বক্সিপুর গ্রামে ওই ঘটনা ঘটে।

মারপিটের শিকার আলমডাঙ্গার ডাউকি ইউনিয়নের বক্সিপুর গ্রামের মনিয়া মন্ডল জানান, প্রায় ৪০ বছর আগে উপজেলার বেলগাছি গ্রামের শুকুর আলীর মেয়ে সাজেদা খাতুনের সাথে তার বিয়ে হয়। তাদের সংসারে ২ ছেলে ও ২ মেয়ে রয়েছে।

তারা সবাই বড় হয়ে গেছে। কিন্ত স্ত্রী সাজেদা খাতুনের সাথে তার বনিবনা না হওয়ায় তাকে তালাক দিয়ে পারুলা খাতুনকে বিয়ে করি। এ নিয়ে ছেলে-মেয়েদের সাথে তার সম্পর্ক ভাল যাচ্ছিল না।

গতকাল দুপুরে মনিয়া মন্ডল বাড়ি থেকে বের হলে তার ছেলে রইছ, শাহীন, মেয়ে পারভিনা ও নাতিছেলে রনি তাকে বেদম মারপিঠ করে।

লাঠি দিয়ে পিটিয়ে তাকে মারাত্মক আহত করে। বাধা দিতে এলে দ্বিতীয় স্ত্রী পারুলা খাতুনকেও মারপিঠ করা হয়।

আলমডাঙ্গায় গাঁজার গাছসহ গাঁজা চাষী আটক

আলমডাঙ্গার এনায়েতপুর বাড়াদি গ্রাম থেকে ৭ ফুট উচ্চতার ৬ টি গাঁজার গাছসহ নুর আলী নামের এক গাঁজা চাষিকে আটক করেছে পুলিশ। গতকাল শনিবার (৪ জুলাই) নুর আলীকে তার বাড়ি থেকে আটক কার হয়।

নুর আলী আলমডাঙ্গার এনায়েতপুর বাড়াদি গ্রামের ফজলেক আলী মন্ডলের ছেলে। তার নামে থানায় মাদক নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়েছে।

থানার এসআই আব্দুল্লাহ আল মামুন বলেন, আটক নুর আলী তার জমিতে অন্য ফসলের আড়ালে গাঁজার চাষ করে আসছিল। খবর পেয়ে তার জমিতে অভিযান পরিচালনা করা হয়।

এ সময় ৬ টি ৭ ফুট উচ্চতার গাঁজার গাছসহ নুর আলীকে আটক কার হয়। তার নামে মামলা দায়ের হয়েছে।

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]